

## 96604 - যে ব্যক্তি তার স্ত্রীকে বলেছে: পবিত্র হওয়ার পর তুমি নিজেকে তালাকপ্রাপ্ত মনে কর

### প্রশ্ন

আমার সাথে আমার স্ত্রীর ঝগড়া হয়েছিল। সে সময় সে হয়েয অবস্থায় ছিল। তখন আমি তাকে বলেছি: “পবিত্র হওয়ার পর তুমি নিজেকে তালাকপ্রাপ্ত মনে কর”। আমার নিয়তে ছিল পবিত্র হওয়ার পর তাকে তালাক দিব। পবিত্র হওয়ার পর আমি তাকে তালাক দিইনি এবং স্পর্শও করিনি। আমি মনে মনে বলছি: যদি তালাক হয়ে থাকে তাহলে আমি তাকে ফিরিয়ে নিলাম। এই ভাষ্যে কি তালাক পতিত হয়?

### প্রিয় উত্তর

যেহেতু আপনার নিয়তে ছিল যে, পবিত্র হওয়ার পর আপনি তাকে তালাক দিবেন। কিন্তু আপনি তালাক দেননি। সুতরাং এই ভাষ্যে তালাক পতিত হবে না।

আমরা আপনার এই প্রশ্নটি শাইখ ড. খালেদ আল-মুশাইকিহ (হাফিয়াহুল্লাহ) এর কাছে পেশ করেছি। তিনি জবাব দিয়েছেন যে, “আলহামদু লিল্লাহ। এ ধরনের ব্যক্তির তালাক পতিত হবে না। যেহেতু তার নিয়ত হচ্ছে ভবিষ্যতে তালাক দেয়া; কিন্তু সে তালাক দেয়নি।”[সমাপ্ত]

আল্লাহই সর্বজ্ঞ।